# বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

৮/সি, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।

## ভর্তি বিজ্ঞপ্তি (ডিপ্লোমা পর্যায়ের সরকারি প্রতিষ্ঠানসমূহের জন্য)

**২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে সরকারি প্রতিষ্ঠানসমূহে ০৪ বছর মেয়াদি ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং/ডিপ্লোমা-ইন-মেরিন ইঞ্জিনিয়ারিং/ডিপ্লোমা-ইন-টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং/ডিপ্লোমা-ইন-এগ্রিকালচার/ডিপ্লোমা-ইন-ফিসারিজ/ডিপ্লোমা-ইন-ফরেস্ট্রি/ডিপ্লোমা-ইন-লাইভস্টক শিক্ষাক্রমে ভর্তি বিজ্ঞপ্তি:**

| অনলাইনে আবেদনের সময়সীমা (ফরম পূরণের ন্যূনতম ১ ঘন্টা পূর্বে ফি জমা দিতে হবে) | মাইগ্রেশনের ফলাফল প্রকাশের তারিখ | ফলাফল প্রকাশের তারিখ (SMS-এর মাধ্যমে ও ওয়েবসাইটে) | অনলাইনে ভর্তি নিশ্চায়নের তারিখ | নিশ্চায়নকৃত শিক্ষার্থীদের মাইগ্রেশন বিষয়ক তথ্যাদি | প্রতিষ্ঠানে স্ব-শরীরে ভর্তির সময়সূচি |
|---|---|---|---|---|---|
| ২৬/০৫/২০২৪ হতে ২৫/০৬/২০২৪ (রাত ৯:০০ ঘটিকা পর্যন্ত) (১ম পর্যায়ের আবেদন) | --- | ০১/০৭/২০২৪ (১ম পর্যায়ে আবেদনের ফলাফল প্রকাশ) | ১ম পর্যায়ে নির্বাচিত শিক্ষার্থীদের ০১/০৭/২০২৪ হতে ০৫/০৭/২০২৪ তারিখের মধ্যে নির্ধারিত ভর্তি নিশ্চায়ন ফি প্রদান করে নিশ্চায়ন সম্পন্ন করতে হবে। নির্ধারিত সময়ে নিশ্চায়ন করতে ব্যর্থ হলে ১ম পর্যায়ের Selection এবং আবেদন বাতিল বলে গণ্য হবে। তবে এসকল শিক্ষার্থী ইচ্ছা করলে বোর্ড নির্ধারিত তারিখে পুনরায় ফি সহ আবেদন করতে পারবে। | নিশ্চায়নকৃত শিক্ষার্থীদের মাইগ্রেশন ডিফল্টভাবে খোলা থাকবে এবং পছন্দক্রম অনুযায়ী আসন খালি থাকা সাপেক্ষে উপরের ক্রমিক নম্বরে যাওয়ার সুযোগ থাকবে। এক্ষেত্রে যতবার অপেক্ষমান তালিকা হতে ফলাফল প্রকাশ করা হবে, তার পূর্বে ততবার অটোমাইগ্রেশনের ফলাফল প্রকাশ করা হবে। অটোমাইগ্রেশন খোলা থাকলে সর্বশেষ যে টেকনোলজি-প্রতিষ্ঠানে অটোমাইগ্রেশন হবে সেখানেই অধ্যায়ন করতে হবে। তবে শিক্ষার্থী চাইলে যে কোন পর্যায়ে অটোমাইগ্রেশন বন্ধ করতে পারবে।তবে একবার অটোমাইগ্রেশন বন্ধ করলে তা আর খোলার সুযোগ থাকবে না। উল্লেখ্য, যে কোন পর্যায়ের মাইগ্রেশনের নতুন করে নিশ্চায়নের প্রয়োজন নেই। | ১ম ,২য়,৩য়,৪র্থ ও ৫ম পর্যায়ের নিশ্চায়নকৃত শিক্ষার্থীদের সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে এসএসসি পরীক্ষার মূল নম্বরপত্র, সদ্য তোলা ছবি (৩ কপি), প্রশংসাপত্র (ফটোকপি) জমা প্রদান সাপেক্ষে ১১/০৮/২০২৪ হতে ২০/০৮/২০২৪ তারিখের মধ্যে স্ব শরীরে উপস্থিত হয়ে প্রাতিষ্ঠানিক ভর্তি সম্পন্ন করতে হবে। প্রতিষ্ঠানকে ভর্তির সময় শিক্ষার্থী Confirmed List- এ আছে কিনা তা যাচাই করে ভর্তি করতে হবে। এ সময়ের মধ্যে বর্ণিত ডকুমেন্টসহ সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে ভর্তি না হলে শিক্ষার্থী অনুপস্থিত বলে গণ্য হবে এবং নিশ্চায়ন বাতিল বলে গণ্য হব। এসকল অনুপস্থিত শিক্ষার্থীর তথ্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠান কতৃক ২২/০৮/২০২৪ থেকে ২৭/০৮/২০২৪ তারিখের মধ্যে অনলাইনে প্রেরণ করতে হব। |
| ০৯/০৭/২০২৪ হতে ১১/০৭/২০২৪ (রাত ৯:০০ ঘটিকা পর্যন্ত) (২য় পর্যায়ের আবেদন) | পছন্দক্রম অনুযায়ী ১ম মাইগ্রেশনের ফল প্রকাশ ১৫/০৭/২০২৪ | ১৫/০৭/২০২৪ (২য় পর্যায়ে আবেদন ও অপেক্ষমান তালিকা হতে ফলাফল প্রকাশ) | ২য় পর্যায়ে নির্বাচিত শিক্ষার্থীদের ১৫/০৭/২০২৪ হতে ১৮/০৭/২০২৪ তারিখের মধ্যে নির্ধারিত ভর্তি নিশ্চায়ন ফি প্রদান করে নিশ্চায়ন সম্পন্ন করতে হব। নির্ধারিত সময়ে নিশ্চায়ন করতে ব্যর্থ হলে ২য় পর্যায়ের Selection এবং আবেদন বাতিল বলে গণ্য হবে। তবে এ সকল শিক্ষার্থী ইচ্ছা করলে বোর্ড নির্ধারিত তারিখে পুনরায় ফি সহ আবেদন করতে পারব। | | |
| ২২/০৭/২০২৪ হতে ২৫/০৭/২০২৪ (রাত ৯:০০ ঘটিকা পর্যন্ত) (৩য় পর্যায়ের আবেদন) | পছন্দক্রম অনুযায়ী ২য় মাইগ্রেশনের ফল প্রকাশ ২৯/০৭/২০২৪ | ২৯/০৭/২০২৪ (৩য় পর্যায়ে আবেদন ও অপেক্ষমান তালিকা হতে ফলাফল প্রকাশ) | ৩য় পর্যায়ে নির্বাচিত শিক্ষার্থীদের ২৯/০৭/২০২৪ হতে ৩১/০৭/২০২৪ তারিখের মধ্যে নির্ধারিত ভর্তি নিশ্চায়ন ফি প্রদান করে নিশ্চায়ন সম্পন্ন করতে হব। নির্ধারিত সময়ে নিশ্চায়ন করতে ব্যর্থ হলে ৩য় পর্যায়ের Selection এবং আবেদন বাতিল বলে গণ্য হবে। এ সকল শিক্ষার্থীর আর কোনো আবেদনের সুযোগ পাবে না। | | |
| শিক্ষার্থীর নতুন করে আবেদনের সুযোগ নেই। | পছন্দক্রম অনুযায়ী ৩য় মাইগ্রেশনের ফল ০১/০৮/২০২৪ | ০১/০৮/২০২৪ (অপেক্ষমান তালিকা হতে ৪র্থ পর্যায়ের ফলাফল) | ৪র্থ পর্যায়ে নির্বাচিত শিক্ষার্থীদের ০১/০৮/২০২৪ হতে ০৩/০৮/২০২৪ তারিখের মধ্যে নির্ধারিত ভর্তি নিশ্চায়ন ফি প্রদান করে নিশ্চায়ন সম্পন্ন করতে হব। এ ফলাফলের আওতায় ভর্তি হতে চাইলে শিক্ষার্থীকে আবশ্যকিভাবে নির্ধারিত সময়ের মধ্যে নিশ্চায়ন সম্পন্ন করতে হবে। অন্যথায় আবেদন এবং ৪র্থ পর্যায়ের Selection বাতলি বলে গণ্য হবে। | | |
| | পছন্দক্রম অনুযায়ী ৪র্থ মাইগ্রেশনের ফল ০৪/০৮/২০২৪ | ০৪/০৮/২০২৪ (অপেক্ষমান তালিকা হতে ৫ম পর্যায়ের ফলাফল) | ৫ম পর্যায়ে নির্বাচিত শিক্ষার্থীদের ০৪/০৮/২০২৪ হতে ০৬/০৮/২০২৪ তারিখের মধ্যে নির্ধারিত ভর্তি নিশ্চায়ন ফি প্রদান করে নিশ্চায়ন সম্পন্ন করতে হবে। এ ফলাফলের আওতায় ভর্তি হতে চাইলে শিক্ষার্থীকে আবশ্যকিভাবে নির্ধারিত সময়ের মধ্যে নিশ্চায়ন সম্পন্ন করতে হবে। অন্যথায় আবেদন এবং ৫ম পর্যায়ের Selection বাতিল বলে গণ্য হবে। এসকল শিক্ষার্থী আর কোনো আবেদনের সুযোগ পাবে না। | | |

(১) বিস্তারিত বিজ্ঞপ্তি www.btebadmission.gov.bd -ওয়েবসাইটে প্রকাশ করা হবে (২) কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত "বাংলাদেশে কারিগরি শিক্ষা বোর্ড ভর্তি নীতিমালা-২০২৪" অনুসারে ভর্তি কার্যক্রম সম্পন্ন করা হবে (৩) এসএসসি পাসের ফলাফল, পছন্দক্রম, কোটা ও অন্যান্য শর্তের ভিত্তিতে প্রার্থীর মেধা তালিকা প্রণয়ন করা হবে। (৪) মেধাক্রম অনুযায়ী ভর্তিকৃত প্রার্থী পছন্দের ক্রমানুসারে প্রতিষ্ঠান/টেকনোলজিভিত্তিক মাইগ্রেশনের সুযোগ পাবে। তবে পছন্দক্রম অনুযায়ী প্রতিষ্ঠান/ টেকনোলজিতে ভর্তির সুযোগ পেলে শিক্ষার্থীরা তার মাইগ্রেশন বন্ধ করতে হবে। অন্যথায় অটোমাইগ্রেশন হলে বাংলাদেশে কারিগরি শিক্ষা বোর্ড দায়ী থাকবে না (৫) একজন শিক্ষার্থী একই শিক্ষাবর্ষে একাধিক প্রতিষ্ঠানে নিশ্চায়ন করলে বা পূর্বে কোন শিক্ষাবর্ষে ভর্তি থাকলে তা বোর্ড নির্ধারিত সময়ে বাতিল না করলে উক্ত শিক্ষার্থীর রেজিস্ট্রেশন হবে না এবং ভর্তি বাতিল বলে গণ্য হবে (৬) ভর্তির আবেদনের সময় শিক্ষার্থী, শিক্ষক, অভিভাবক, অপারেটরসহ সংশ্লিষ্ট সকলকে সঠিক তথ্য প্রদান নিশ্চিত করতে হবে (৬) যে কোন তথ্যের জন্য বর্ণিত নম্বরসমূহে সরকারি ছুটির দিন ব্যতিত অফিস চলাকালিন সময় যোগাযোগ করা যাবে। মোবাইল: ০১৩২২-৮৩০৩০৮, ০১৩২২-৮৩০৩০৯ (বোর্ড) ও ০১৩০৪৭৩২১৯৬, ০১৩০৫৭০৩৮৭১, ০১৩০৫৭০৩৮৬৫, ০১৭২৭২৩৩৫২৪ (বুয়েট)।